দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ৭ কলাম ৪

SEP. 15 2007

# রাজশাহীতে বেসরকারী কলেজ শিক্ষকদের ২১ দফা মেনে নেয়ার আহ্বান

রাজশাহী অফিস ।। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন রাজশাহী জেলা শাখার নেতৃবৃন্দ তাদের ২১ দফা দাবী মেনে নেয়ার আহ্বান জানিয়েছেন। গত মঙ্গলবার বিকালে নগরীর শাহ মখদুম কলেজে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে আয়োজিত সংবাদ সম্মেলনে উল্লেখ করা হয়, সন্ত্রাস ও দলীয় রাজনীতির কারণে দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অস্থিরতা বিরাজ করছে। বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অবস্থা আরো করুণ। তাদের বেতনের সরকারী অংশ ১০ ভাগ বৃদ্ধির প্রতিশ্রুতি থাকলেও অদ্যাবধি তা পূরণ করা হয়নি। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের হয়রানি, অপসারণ ও নির্যাতনের ঘটনা ঘটেই চলেছে।

২১ দফার মধ্যে রয়েছে : জীবন যাত্রার অসহনীয় ব্যয় বৃদ্ধির পরিপ্রেক্ষিতে বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের শতকরা ৩০ ভাগ মহার্ঘ ভাতা প্রদান,

(১০ম পৃঃ ৮ঃ)

## রাজশাহীতে বেসরকারী

(৭ম পৃঃ পর)

বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বর্তমান ক্ষমতাসীন দলের নির্বাচনী প্রতিশ্রুতি মোতাবেক ১০ ভাগ বেতন বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ, সমযোগ্যতা, সমঅভিজ্ঞতা ও সমদায়িত্বে নিয়োজিত বেসরকারী শিক্ষকদের সরকারী শিক্ষকদের অনুরূপ উৎসব ভাতা, চিকিৎসা ভাতা আবাসিক ভাতা,।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক সমিতি ফেডারেশনের রাজশাহী শাখার সিনিয়র সহ-সভাপতি অধ্যক্ষ শফিকুর রহমান বাদশা। বিভিন্ন প্রশ্নের জবাব দেন সংগঠনের সভাপতি মোল্লা সোহরাবুল আহসান, সাধারণ সম্পাদক আবদুল বারী প্রমুখ।